পরিত্যক্ত ছোট শিশুর সুরক্ষা আইন

নিউ ইয়র্ক স্টেটের পরিত্যক্ত ছোট শিশুর সুরক্ষা আইন (Abandoned Infant Protection Act) এর উদ্দেশ্য হলো নবজাতক শিশুর সুরক্ষা প্রদান। এটি এমন পিতামাতাকে ফৌজদারি মামলা থেকে সুরক্ষিত করে যারা কোনো শিশুকে পরিত্যাগ করে-যদি সেই ব্যক্তি শিশুটিকে **নিরাপদে রাখেন-এবং** এটি পিতামাতাকে বেনামী রাখে। এখানে আইনের কয়েকটি বিশেষ বিবরণ রয়েছে:

যদি আপনি রক্ষণাবেক্ষণ এবং দায়িত্ব ত্যাগের অভিপ্রায়ে আপনার শিশুকে ত্যাগ করেন, তবে কোনো শিশুর কল্যাণকে বিপন্ন করার অপরাধ বা কোনো শিশুকে পরিত্যাগের অপরাধের জন্য আপনি দোষী হবেন না, যদি:

- আপনার উদ্দেশ্য হয় শিশুকে শারীরিক আঘাত থেকে নিরাপদ রাখা এবং সঠিকভাবে যত্ন নেওয়া এবং
- আপনি উপযুক্ত ব্যক্তির দায়িত্বে আপনার শিশুকে রাখেন **বা** আপনি উপযুক্ত স্থানে শিশুকে রাখেন এবং তাৎক্ষণিকভাবে কোনো উপযুক্ত ব্যক্তিকে শিশুর অবস্থান সম্পর্কে অবহিত করেন এবং
- শিশুটি 30 দিনের বেশি বয়সী না হয়।

"উপযুক্ত জায়গা" বা "যথাযথ ব্যক্তি" সম্পর্কে পরিত্যক্ত শিশুর সুরক্ষা আইন তালিকা নিরূপণ করে না। এরূপ সিদ্ধান্ত স্থানীয় ডিস্ট্রিক্ট অ্যাটর্নিবৃন্দ গ্রহণ করে থাকেন। যাইহোক, ফায়ার স্টেশন, থানা এবং হাসপাতালগুলির মতো কর্মরত স্থানগুলিতে সাধারণত 30 দিনের কম বয়সী শিশু রেখে যাওয়া নিরাপদ স্থান হিসেবে বিবেচনা করা হয়।

নিউ ইয়র্ক স্টেট আইনে বাধ্যতামূলক সাংবাদিকদের একটি শিশু পরিত্যক্ত হওয়ার খবর নিউ ইয়র্ক স্টেটওয়াইড সেন্ট্রাল রেজিস্টার অভ চাইল্ড অ্যাবিউজ অ্যান্ড ম্যালটমেন্ট (শিশু নির্যাতনের হটলাইন) এ প্রতিবেদন করতে হবে। তবে, পরিত্যক্ত ছোট শিশুর সুরক্ষা আইন এর অধীনে, যদি আপনার শিশুকে পরিত্যাগ করেন, তাহলে **আপনাকে আপনার নাম প্রকাশ করতে হবে না**।

ocfs.ny.gov/main/safe

NEW YORK STATE | Office of Children and Family Services

"...আমাদের সন্তান, পরিবার এবং সম্প্রদায়গুলির নিরাপত্তা, স্থায়ীত্ব এবং সমৃদ্ধিকে তুলে ধরা...."

Capital View Office Park
52 Washington Street
Rensselaer, NY 12144

আমাদের ওয়েবসাইট দেখুন:
ocfs.ny.gov

পরিত্যক্ত ছোট শিশুর সুরক্ষা আইন (Abandoned Infant Protection Act) এর অধীনে একটি ছোট শিশুকে নিরাপদ স্থানগুলিতে রেখে আসার উপর তথ্যের জন্য, এই নম্বরে ফোন করুন:
1-866-505-SAFE (1-866-505-7233)

শিশু পরিচর্যা, ফস্টার কেয়ার অথবা দত্তক গ্রহণ সম্বন্ধে তথ্যের এই নম্বরে ফোন করুন:
1-800-345-KIDS (1-800-345-5437)

একজন চাইল্ড কেয়ার প্রোভাইডার (শিশু যত্ন প্রদানকারী) নিয়ে যদি আপনার কোনো উদ্বেগ থাকে, তাহলে চাইল্ড কেয়ার অভিযোগ লাইনে (Child Care Complaint Line) কল করুন
(1-800 732-5207)

সন্দেহজনক শিশু নির্যাতন এবং অবহেলা সম্বন্ধে রিপোর্ট করতে, এই নম্বরে ফোন করুন:
1-800-342-3720

দৃষ্টিহীনদের দেওয়া পরিষেবার সম্বন্ধে তথ্যের জন্য এই নম্বরে ফোন করুন:
1-866-871-3000

প্রতিবন্ধী আইনে আমেরিকান অনুসারী (Americans with Disabilities Act), শিশু ও পরিবার পরিষেবাগুলির নিউ ইয়র্ক স্টেট অফিস (New York State Office of Children and Family Services) অনুরোধের ভিত্তিতে এই উপাদানটি উপযুক্ত বিন্যাসে উপলভ্য করবে।

প্রকা. 4745 (সং. 06/2015)

আপনি কি গর্ভবতী?

ভয় পাচ্ছেন?

সহায়তা প্রয়োজন?

NEW YORK STATE | Office of Children and Family Services



পরিত্যক্ত ছোট শিশুর সুরক্ষা আইন

এর থেকে উত্তম পন্থা রয়েছে।

যদি আপনি আপনার শিশুকে পরিত্যাগের বিষয়ে চিন্তা করে থাকেন, **তাহলে এর আইন সম্পর্কে জানুন।**

যদি আপনার শিশুর বয়স **30 দিন বা তার চেয়ে কম হয়,** তাহলে শিশুর নিরাপত্তা রক্ষার জন্য নিচের পদক্ষেপগুলো গ্রহণ সাপেক্ষে **আইনিভাবে এবং বেনামে** আপনি আপনার শিশুকে পরিত্যাগ করতে পারেন:

- **একজন দায়িত্ববান ব্যক্তির** *(যেমন- পুলিশ অফিসার, দমকল কর্মী অথবা হাসপাতালের কর্মকর্তা)* **অধীনে আপনার শিশুকে রেখে যান**

অথবা

- **আপনার শিশুকে একটি নিরাপদ জায়গায় রেখে যান** *(যেমন- একটি হাসপাতাল, পুলিশ স্টেশন অথবা অগ্নি নির্বাপন কেন্দ্র)* **এবং শিশুটি কোথায় রয়েছে সে সম্পর্কে একজন দায়িত্ববান ব্যক্তিকে অবিলম্বে জানান।**

দুইটি পন্থাতেই আপনাকে আপনার নাম বলতে হবে না।

পরিত্যক্ত শিশু হেল্পলাইন:

1-866-505-SAFE (7233)

কথা বলার জন্য কাউকে খুঁজছেন?

আপনার কমিউনিটিতে তৎক্ষণাৎ পরামর্শ অথবা রেফারেলস এর জন্য এই নম্বরগুলোতে ফোন করুন:

- ন্যাশনাল সুইসাইড প্রিভেনশন লাইফলাইন (National Suicide Prevention Lifeline):
  1-800-273-TALK (1-800-273-8255)
- ন্যাশনাল রানঅ্যাওয়ে সুইচবোর্ড (National Runaway Switchboard):
  1-800-RUNAWAY (1-800-786-2929)
- **2-1-1** *(রেফারেলস, স্টেটব্যাপী বিভিন্ন এলাকায় রয়েছে)*
- **3-1-1** *(রেফারেলস, শুধুমাত্র নিউ ইয়র্ক শহরে)*
- **LIFENET** *(নিউ ইয়র্ক শহরে মানসিক স্বাস্থ্যের রেফারেলস এর জন্য)*

  1-800-LIFENET (1-800-543-3638) *(ইংরেজি)*

  1-877-AYUDESE (1-877-298-3373) *(স্পেনীয়)*

  1-877-990-8585 *(কোরিয়ান, ম্যান্ডারিন, ক্যান্টোনিজ)*

  1-212-982-5284 *(শ্রবণে অক্ষম ব্যক্তিদের জন্য TTY/TDD)*
- প্ল্যানড প্যারেন্টহুড: **1-800-230-PLAN (1-800-230-7526)** www.plannedparenthood.org
- প্রিভেন্ট চাইল্ড অ্যাবিউস নিউ ইয়র্কে প্যারেন্ট হেল্পলাইন:
  1-800-CHILDREN (1-800-244-5373)

আপনি কি দত্তক দেওয়ার বিষয়ে বিবেচনা করেছেন?

যদি আপনি মনে করেন যে আপনি আপনার নবজাতক শিশুকে রাখতে পারবেন না, তাহলে অনুগ্রহ করে দত্তকের বিষয়টি বিবেচনা করুন।

নিউ ইয়র্ক শহরে সকল জাতি, ধর্ম, বয়স এবং জীবনধারার বহু পরিবার একটি শিশুকে একটি ভালোবাসাপূর্ণ পরিবার দিতে চায়।

দত্তক দেওয়ার বিষয়টি যাতে **গোপনীয় রাখা হয়** এবং আপনার পরিবার ও বন্ধুদের যাতে জানানো না হয় এরকম অনুরোধ আপনি করতে পারেন। দত্তকের জন্য আপনার শিশুকে দিয়ে দেওয়ার বিষয়ে চাইল্ড প্রোটেকশন সার্ভিস কর্তৃক আপনাকে জিজ্ঞাসা করা হবে না।

আপনি একটি বেসরকারি দত্তক সংস্থা *(অনুমোদিত স্বেচ্ছাসেবী সংস্থা)* বা আপনার স্থানীয় সামাজিক বিভাগে *(নিউ ইয়র্ক সিটিতে, শিশুদের পরিষেবার প্রশাসনের জন্য)* শিশুকে দত্তক দেওয়ার জন্য দিতে পারেন। বিভিন্ন ডিরেক্টরিতে এবং নিউ ইয়র্ক স্টেট অফিস অভ চিলড্রেন অ্যান্ড ফ্যামিলি সার্ভিসের ওয়েবসাইটে এই এজেন্সিগুলো উল্লেখিত আছে:

ocfs.ny.gov/adopt/agcymenu.asp